লেবানন থেকে দেশে ফিরল দুই প্রবাসীর মরদেহ



সংগৃহীত ছবি

লেবাননে ইসরাইলি ড্রোন হামলায় নিহত সাতক্ষীরার দুই প্রবাসী বাংলাদেশির মরদেহ ২৭ দিন পর দেশে ফিরেছে। রোববার সকালে কফিনবন্দি মরদেহ নিজ নিজ গ্রামের বাড়িতে পৌঁছালে স্বজনদের কান্নায় শোকের পরিবেশ তৈরি হয়।

নিহত শফিকুল ইসলামের বাড়ি সাতক্ষীরা সদর উপজেলার ভালুকা চাঁদপুর গ্রামে। অপরজন নাহিদুল ইসলামের বাড়ি আশাশুনি উপজেলার কাদাকাটি গ্রামে। শনিবার গভীর রাতে মরদেহ দুটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়।

জানা গেছে, গত ১১ মে দক্ষিণ লেবাননের নাবাতিয়ে অঞ্চলের জিবদিন এলাকায় নিজ বাসভবনে থাকা অবস্থায় ইসরাইলি ড্রোন হামলায় তাদের মৃত্যু হয়। পরে সরকারি উদ্যোগে মরদেহ দেশে আনা হয়।

ধুলিহর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ফারুক হোসেন মিঠু জানান, বিমানবন্দর থেকে স্বজনরা মরদেহ গ্রহণ করেন। রোববার জোহরের নামাজের পর তাদের পারিবারিক কবরস্থানে দাফনের কথা রয়েছে।

শফিকুল ইসলাম ছিলেন পরিবারের একমাত্র উপার্জনকারী। বৃদ্ধ বাবা-মা, স্ত্রী ও দুই মেয়েকে রেখে তার মৃত্যুতে পরিবারটি অনিশ্চয়তার মুখে পড়েছে। স্থানীয়রা বলছেন, পরিবারের ভবিষ্যৎ সুরক্ষায় সহায়তা প্রয়োজন।

প্রবাসী কল্যাণ সেন্টারের ভারপ্রাপ্ত সহকারী পরিচালক মো. খালেদুর রহমান জানান, দাফন-কাফনের জন্য পরিবারকে ৩৫ হাজার টাকা দেওয়া হয়েছে। এছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে ৩ লাখ টাকা ও জীবন বিমা বাবদ ১০ লাখ টাকা সহায়তা দেওয়া হবে।